

## নীল শেয়াল

### বিষ্ণুপদ দে

স্বামী-স্ত্রীর মাস মাহিনা  
এক লক্ষ বত্রিশ হাজার  
তবুও এনারা S.C. বলে  
লুটে যাবে প্রিয় সরকার ।  
লুকিয়ে কেনা শংসাপত্র আর  
অচিনদেশের হাঁকানো ডিগ্রী  
নদী যে এসে মিশেছে মোহনায়  
নিষিদ্ধ করেছে বিশাল চাকুরী ।  
তায় আবার দেখে চেখে সম্প্রদায়টা মনে রেখে  
জুটল বটে মনপসন্দ চাকুরিয়ান্ গিনী ।  
ক্রমে ক্রমে বাড়ী গাড়ী,  
ঝাঁ চকচকে বেশভূষা  
আঁতর মেখে বাঁদরমুখো  
হলো অফিসার ঘুসের বাসা ।  
তার আরো চাই আরো খাই  
প্রমাদ আনল ডেকে  
জাল S.C. কেলেঙ্কারীতে  
পড়ল ধরা শেষে ।  
বাংলাদেশী ভূয়ো নাগরিক  
এ দেশেতে এসে  
অতি লোভে পাপের ভারে  
জেলেই পঁচে মরে ।